# আই এল ডি

# ফুসফুসের একটি অসুখ

**INSTITUTE OF PULMOCARE & RESEARCH**

CB-16, Near CA Island, Sector-I, Salt Lake
Kolkata - 700 064, INDIA. Phone : 2358 0424
**Website : www.pulmocareindia.org**

# ILD (আই এল ডি)

আই এল ডি (ইনটারস্টিশিয়াল লাং ডিজিজ) হল ফুসফুসের এক ধরনের অসুখ। এতে ফুসফুস দুটি ধীরে ধীরে শুকিয়ে যেতে থাকে। আই এল ডি নানা প্রকারের এবং এর কারনও অনেক রকম। কিছু কিছু ধূলো (যেমন সিলিকা কনা) প্রভৃতিতে বহুদিন শ্বাস নেওয়া এবং কিছু কিছু অসুখে ফুসফুস (যেমন রিউমাটয়েড আর্থ্রাইটিস) আক্রান্ত হলেও আই এল ডি হতে পারে। অনেক সময় কিছু জন্মগত করনে আই এল ডি হয় তবে অধিকাংশ ক্ষেত্রেই আই এল ডি র কারন জানা যায় না।

আই এল ডি র প্রাথমিক দুটি লক্ষণ হল শুকনো কাশি বা জোরে হাঁটলে শ্বাসকষ্ট হওয়া। কোন কোন ক্ষেত্রে রুগীরা টিবি বা অন্যান্য চিকিৎসায় মূল্যবান সময় ব্যায় করে যখন নির্ণিত হন, তখন একটু দেরী হয় যায় এবং ফুসফুস অনেকটাই নষ্ট হয়ে গিয়ে থাকে। বেড়ে গেলে এই অসুখে শ্বাসকষ্ট স্থায়ী হয়ে যায় এবং সামান্য পরিশ্রমেই শ্বাসকষ্ট হয়। অনেকে এমনকি অক্সিজেন নির্ভর হয়ে যান।

আই এল ডি নানা রকম — সব আই এল ডি ই খারাপ নয়। এই অসুখের প্রথাগত চিকিৎসা হল স্টেরয়েড বা নানা ধরনের শরীরের প্রতিরোধ ক্ষমতা কমানোর ওষুধ (immuno-suppressive agents)। এ চিকিৎসায় রুগী ও ডাক্তার উভয়কেই পার্শ্ব প্রতিক্রিয়া সম্বন্ধে সচেতন থাকতে হয়। এজন্য ঘন ঘন পরীক্ষা নিরীক্ষা করা দরকার হয়। অনেক আই এল ডি রুগী দিব্যি ভালো থাকেন, অনেকে খুব কষ্ট পান।

আই এল ডি তে আপনার ডাক্তারের পরামর্শ ছাড়া কখনই নিজে কোন ওষুধ খাবেন না।

**কখন আই এল ডি সন্দেহ করবেন ঃ —**

(১) শ্বাসকষ্ট এবং কাশি - চলতে থাকলে এবং ওষুধে কাজ না হলে।

(২) বসে বা বিশ্রামে ভালো কিন্তু হাঁটলেই শ্বাসকষ্ট হওয়ার ঘটনা ঘটলে।

(৩) শ্বাসকষ্ট বা কাশির সঙ্গে গাঁটের ব্যথার অসুখ থাকলে।

(৪) টিবির চিকিৎসায় কাজ না হলে।

**আই এল ডি-তে কি কি ধরনের পরীক্ষা নিরীক্ষার দরকার হয়?**

বুকের X-ray এবং হাই-রিজোলিউশন সিটি স্ক্যান (HRCT chest) ছাড়া স্পাইরোমেট্রি এবং ডিফিউশন ক্যাপাসিটি (spirometry এবং diffusion capacity) দেখা দরকার। এছাড়া ক্ষেত্রবিশেষে ব্রনকোস্কোপি (bronchoscopy) এবং ফুসফুসের বায়োপসি (lung biopsy) করা দরকার হয়। কিছু কিছু ক্ষেত্রে বিশেষ ধরনের রক্ত পরীক্ষা করা দরকার হয়।

**আই এল ডি-এর আশার কথা ঃ**

বর্তমান চিকিৎসা ব্যবস্থা যে খুব ভালো তা নয়। কিছু কিছু ধরনের আই এল ডি — যেমন, সারকয়ডোসিস (sarcoidosis) এ নিরাময় হবার সম্ভাবনা খুবই ভালো; আবার অনেক ক্ষেত্রে উল্টোটাই সত্যি। তবে নানা ধরনের নতুন ওষুধ নিয়ে প্রবলভাবে পরীক্ষা নিরীক্ষা চলছে এবং আশা করা যায় অদূর ভবিষ্যৎ-এ এই অসুখের চিকিৎসায় আমরা আরও কার্যকরী ওষুধ পাবো।

# আমাদের প্রতিষ্ঠান

অসুস্থ মানুষের সেবা, গবেষণা এবং স্বাস্থ্য সংক্রান্ত শিক্ষার ব্যবস্থা করা এই তিনটি উদ্দেশ্য নিয়ে আমাদের প্রতিষ্ঠান, ''ইনসটিটিউট অব পালমোকেয়ার অ্যাণ্ড রিসার্চের'' জন্ম।

দূষন, নগরায়ন, সংক্রামন প্রভৃতি কারনে শ্বাস ও বক্ষ সংক্রান্ত রোগের প্রাদুর্ভাব আজ উর্দ্ধমূখী।

আমরা এই রোগ গুলিকে সুনির্দ্রিষ্ট এবং সুসংগঠিত ভাবে মোকাবিলা করার চেষ্টা করছি এবং সাধ্যমত এদের প্রার্দুভাব ঠেকানোর প্রচেষ্টা চালাচ্ছি।

এই পর্যায়ে আমরা রুগী ও পরিজনের এবং চিকিৎসক ও অন্যান্য স্বাস্থ্য কর্মীদের সচেতন ও উপযুক্ত শিক্ষা দেবার প্রয়াসী। এই প্রতিষ্ঠানে আমরা আমাদের সাধ্যানুযায়ী গবেষনার কাজও করি — যা আমাদের দেশের বর্তমান পরিস্থিতির ও প্রয়োজনের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ।

আমাদের প্রচেষ্টায় আমরা সকলের সহযোগিতা প্রার্থনা করি।